ইউরোপে করোনায় মৃত্যুর হার আশঙ্কাজনকভাবে বাড়ছে

চেম্বার ডেস্ক:: ইউরোপে নভেল করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দৈনিক মৃত্যুর হার দ্রুতগতিতে বাড়ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জানিয়েছে, ইউরোপে গত সপ্তাহের তুলনায় প্রায় ৪০ শতাংশ হারে করোনায় দৈনিক মৃত্যুর সংখ্যা বাড়ছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মুখপাত্র ড. মার্গারেট হ্যারিস বলেছেন, ইউরোপের দেশগুলোর মধ্যে ফ্রান্স, স্পেন, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস ও রাশিয়ায় করোনা সংক্রমণের হার বেড়েছে এক-তৃতীয়াংশ।

ড. হ্যারিস বলেন, ইউরোপের বিভিন্ন অঞ্চলে (করোনায়) আক্রান্ত ও মৃত্যুর হার আশঙ্কাজনকভাবে বাড়তে দেখছি আমরা।

ড. হ্যারিস আরও বলেন, গত সপ্তাহের তুলনায় করোনায় দৈনিক আক্রান্তের সংখ্যা বেড়েছে এক-তৃতীয়াংশ, আর করোনায় দৈনিক মৃতের হার বেড়েছে ‘প্রায় ৪০ শতাংশ’।

ড. হ্যারিস সতর্ক করে বলেন, ‘অনেক দেশেই হাসপাতালে রোগী ধারণক্ষমতার ব্যবস্থাপনায় উন্নতি হয়েছে। কিন্তু এরপরও কয়েকটি দেশের হাসপাতালগুলো দ্রুত রোগীতে ভরে যাচ্ছে। উদ্বেগের বিষয় হলো… হাসপাতালগুলোর নিবিড় পরিচর্যা কেন্দ্র খুব অসুস্থ রোগীতে ভরে যেতে শুরু করেছে।’

রাশিয়ার গতকাল মঙ্গলবার একদিনে করোনায় ৩২০ জনের মৃত্যু হয়েছে। এ পর্যন্ত দেশটিতে করোনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৬ হাজার ৫৮৯ জনে।

করোনায় মৃতের সংখ্যা দ্রুত বেড়েছে ইতালিতেও। গত ২৪ ঘণ্টায় দেশটিতে ২২১ জনের মৃত্যু হয়েছে। এ ছাড়া গতকাল মঙ্গলবার অস্ট্রিয়াতে করোনায় মোট মৃতের সংখ্যা এক হাজার ছাড়িয়েছে।

যুক্তরাষ্ট্র, ভারত ও ব্রাজিলের পর রাশিয়ায় সবচেয়ে বেশি মানুষ করোনায় আক্রান্ত শনাক্ত হয়েছে। রাশিয়ায় গতকাল মঙ্গলবার করোনায় আক্রান্ত শনাক্ত হয়েছে ১৬ হাজার ৫৫০ জন। এমন পরিস্থিতে সব ধরনের

গণজমায়েত স্থলে মাস্ক পরা বাধ্যতামূলক করেছে দেশটির কর্তৃপক্ষ।

এদিকে গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত শনাক্তের সংখ্যা বেড়েছে ইতালিতেও। কর্তৃপক্ষ জানিয়েছে, করোনা পরীক্ষার হার বাড়ায় বেড়েছে শনাক্তের সংখ্যাও। দেশটিতে গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত শনাক্ত হয়েছে প্রায় ২২ হাজার জন।